


কামরুল হাসান ফেরদৌসের কাব্যগ্রন্থ ৫০

# শ্যামল ছায়া

মোঃ কামরুল হাসান ফেরদৌস

কামরুল হাসান ফেরদৌসের কাব্যগ্রন্থ ৫০

# শ্যামল ছায়া


| | |
|---|---|
| রচনা | মোঃ কামরুল হাসান ফেরদৌস |
| রচনাকাল | সেপ্টেম্বর ২০২১ |
| স্বত্ব | মোঃ কামরুল হাসান ফেরদৌস |
| ই-বই গ্রন্থনা | মোঃ কামরুল হাসান ফেরদৌস |
| গ্রন্থন কাল | সেপ্টেম্বর ২০২১ |
| প্রচ্ছদ | মোঃ কামরুল হাসান ফেরদৌস |
| অলংকরণ | মোঃ কামরুল হাসান ফেরদৌস |
| কম্পোজ | মোঃ কামরুল হাসান ফেরদৌস |

# সূচিপত্র


| কবিতাক্রম | কবিতার প্রথম চরণ/শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| কাহাফেক ৩৪৩১: | শয়তানী জাল ছিন্ন করো | ০৭ |
| কাহাফেক ৩৪৩২: | কলম ও লাঙল -০১ | ০৮ |
| কাহাফেক ৩৪৩৩: | কলম ও লাঙল -০২ | ০৯ |
| কাহাফেক ৩৪৩৪: | মানুষ চাই | ১০ |
| কাহাফেক ৩৪৩৫: | সুখী পরিবার | ১০ |
| কাহাফেক ৩৪৩৬: | পুণ্য স্বদেশ | ১১ |
| কাহাফেক ৩৪৩৭: | ভুল থেকে শিক্ষা-০১ | ১২ |
| কাহাফেক ৩৪৩৮: | ভালবাসা ও অভিমান | ১৩ |
| কাহাফেক ৩৪৩৯: | জীবন গল্পময় | ১৪ |
| কাহাফেক ৩৪৪০: | যৌতুক সংলাপ | ১৪ |
| কাহাফেক ৩৪৪১: | সব ছেড়েছে তোমার জন্য | ১৬ |
| কাহাফেক ৩৪৪২: | ঢেঁকি নিয়ে স্মৃতি | ১৬ |
| কাহাফেক ৩৪৪৩: | ছায়াসংগী | ১৮ |
| কাহাফেক ৩৪৪৪: | দুঃসময়ে করলে হেলা | ১৯ |
| কাহাফেক ৩৪৪৫: | ভুল থেকে শিক্ষা-০২ | ২০ |
| কাহাফেক ৩৪৪৬: | গগন বাড়ি | ২০ |
| কাহাফেক ৩৪৪৭: | মনুষ্যত্ব থাকে যেনো | ২১ |
| কাহাফেক ৩৪৪৮: | তরল হীরে | ২২ |

| | | |
|---|---|---|
| কাহাফেক ৩৪৪৯: | শ্যামল ছায়া | ২৩ |
| কাহাফেক ৩৪৫০: | একে তাকে বানিয়ে প্রভু | ২৪ |
| কাহাফেক ৩৪৫১: | কবি মেলা | ২৫ |
| কাহাফেক ৩৪৫২: | সাতরঙা রঙধনু | ২৬ |
| কাহাফেক ৩৪৫৩: | ভুল থেকে শিক্ষা-০৩ | ২৭ |
| কাহাফেক ৩৪৫৪: | সাধু বলয় | ২৮ |
| কাহাফেক ৩৪৫৫: | ছবির মানুষ | ২৯ |
| কাহাফেক ৩৪৫৬: | পরকাল | ৩০ |
| কাহাফেক ৩৪৫৭: | ভুল থেকে শিক্ষা-০৪ | ৩১ |
| কাহাফেক ৩৪৫৮: | ভুল থেকে শিক্ষা-০৫ | ৩২ |
| কাহাফেক ৩৪৫৯: | শষ্য দিয়ে আঁকা | ৩৩ |
| কাহাফেক ৩৪৬০: | স্বর্গের মূল্য | ৩৪ |
| কাহাফেক ৩৪৬১: | স্রষ্টা কল্পনা | ৩৫ |
| কাহাফেক ৩৪৬২: | ঘুষের কড়ি ছড়াছড়ি | ৩৬ |
| কাহাফেক ৩৪৬৩: | শ্যামল মন | ৩৬ |
| কাহাফেক ৩৪৬৪: | বেদুইন | ৩৭ |
| কাহাফেক ৩৪৬৫: | মুখের কথা | ৩৭ |
| কাহাফেক ৩৪৬৬: | শোকরিয়া ও সবর করি | ৩৮ |
| কাহাফেক ৩৪৬৭: | বৃক্ষেরা আলো চায় | ৩৮ |
| কাহাফেক ৩৪৬৮: | লোভ | ৩৯ |
| কাহাফেক ৩৪৬৯: | কবির পুলক | ৩৯ |
| কাহাফেক ৩৪৭০: | সভ্যতা | ৪০ |
| কাহাফেক ৩৪৭১: | মহান স্রষ্টা | ৪১ |
| কাহাফেক ৩৪৭২: | স্বপ্ন বাস্তবায়ন | ৪২ |
| কাহাফেক ৩৪৭৩: | দেখবে তুমি সব পেয়েছো | ৪২ |
| কাহাফেক ৩৪৭৪: | ভাগ্যকে দোষারোপ | ৪৩ |
| কাহাফেক ৩৪৭৫: | জাত সাপুড়ে | ৪৩ |

| | | |
|---|---|---|
| কাহাফেক ৩৪৭৬: | আপোষ | ৪৪ |
| কাহাফেক ৩৪৭৭: | রূপ ও রূপো | ৪৪ |
| কাহাফেক ৩৪৭৮: | চিত্রকল্প | ৪৫ |
| কাহাফেক ৩৪৭৯: | জিন্দা মড়া | ৪৫ |
| কাহাফেক ৩৪৮০: | স্বজন | ৪৬ |
| কাহাফেক ৩৪৮১: | নয়নাভিরাম | ৪৬ |
| কাহাফেক ৩৪৮২: | লুটেরা | ৪৬ |
| কাহাফেক ৩৪৮৩: | অকৃতজ্ঞ | ৪৭ |
| কাহাফেক ৩৪৮৪: | সুজন মন | ৪৭ |
| কাহাফেক ৩৪৮৫: | কাঁশবন | ৪৮ |
| কাহাফেক ৩৪৮৬: | পাশের মানুষ | ৪৯ |
| কাহাফেক ৩৪৮৭: | মাছের পচন | ৫০ |
| কাহাফেক ৩৪৮৮: | মোমিন | ৫০ |
| কাহাফেক ৩৪৮৯: | একিন | ৫১ |
| কাহাফেক ৩৪৯০: | হৃদয়ের বন্ধন | ৫১ |
| কাহাফেক ৩৪৯১: | মনের দাবি | ৫১ |
| কাহাফেক ৩৪৯২: | তিন প্রশ্ন | ৫২ |
| কাহাফেক ৩৪৯৩: | জন্ম মৃত্যু | ৫২ |
| কাহাফেক ৩৪৯৪: | ভিখারি | ৫২ |
| কাহাফেক ৩৪৯৫: | বিত্ত ও চিত্ত | ৫৩ |
| কাহাফেক ৩৪৯৬: | কাছের মানুষ | ৫৩ |
| কাহাফেক ৩৪৯৭: | সুখের অসুখ | ৫৩ |
| কাহাফেক ৩৪৯৮: | নির্ভরতা | ৫৪ |
| কাহাফেক ৩৪৯৯: | বিনয়াধিক্য | ৫৪ |
| কাহাফেক ৩৫০০: | সুখে দুঃখে জীবন | ৫৫ |



কাহাফেক ৩৪৩১:

# শয়তানী জাল ছিন্ন করো

তরুণ তোমার বয়েস কতো
তা বড় জোর ষাট কি ষোলো
জানো কে সেই আদি শয়তান
ওর কতোটা বয়েস হলো?

অতি পুরান ঝানু বুড়ো
শয়তানীতে পাকা খবিশ
কাঞ্চা বয়েস পেয়ে তোদের
চায় বানাতে শিক্ষানবিশ।

সেই ইবলিস আদি শয়তান
লক্ষ কোটি বছর ধরে
বিপথগামী করছে মানুষ
মানব মাঝেই বিরাজ করে।

নানা রূপের গুপ্তঘাতক
শিকারি সে বড়োই পাকা
তাজা তরুণ ধরতে যে ওর
জালটি আছে পেতে রাখা।

হে তারুণ্য থাকতে মানুষ
শয়তানী জাল ছিন্ন করো
জাগতে হবে জাগো তরুণ
সত্য ন্যায়ের পথটি ধরো।

কাহাফেক ৩৪৩২:

## কলম ও লাঙল -০১

ভূমিকাতে বলেন কবি
হালকা হবে এই কথাটা
হালকা কোথায় কঠিন আরো
গোলক ধাঁধার এ বারোটা।

কবি বলেন কলম-কালি
লাঙল-মাটি সমার্থকে
লাঙল মুখে উগলে মাটি
তেমনি কালি কলম মুখে।

এই যদি হয় হালকা কথা
ভারি কথা কোনটি তবে
হালকা বুঝাই এমন কঠিন
ভারি বুঝি কেমনে হবে?

কাহাফেক ৩৪৩৩:

# কলম ও লাঙল -০২

কলম-কালি কবির সাধন
লাঙল মাটি চাষার
কলম লাঙল দুই না চললে
এই দুনিয়া অসার

হল চষলে হয় হালুয়া
কলম চষলে কবি
সৃষ্টিশীলের চষতে যে হয়
হল ও কলম সব-ই।

চালচাষে পাই ফল ও ফসল
লিখতে লিখতে সোনা
খাঁটি সোনার ফলন পেতে
চাই যে আরাধনা।

কাহাফেক ৩৪৩৪:

## মানুষ চাই

টাকা দিয়ে করবি কী রে
নাই বা যদি রইলো মানুষ
মানুষ ছাড়া রঙের জীবন
হয় পতিত ফাঁকা ফানুষ।

টাকা দিয়ে করবি কী রে
টাকায় কী লাভ মানুষ ছাড়া
টাকা হারায় কী আর হারায়
মানুষ হারায় সর্বহারা।

কাহাফেক ৩৪৩৫:

## সুখী পরিবার

মিয়া বিবির মধুর হাসি
প্রাণ জুড়িয়ে গেলো
রূপোর পাশে সোনা যেনো
করছে ঝলোমলো।

সংসারে সুখ বিত্তে নহে
চিত্তে বহে ধারা
হয়না গঠন সুখী স্বদেশ
সুখী পরিবার ছাড়া।

কাহাফেক ৩৪৩৬:

# পুণ্য স্বদেশ

পুণ্য স্বদেশ গর্ব আমার
পূর্ণ মাণিক রতনে
কত যে কাল তা রেখেছি
বক্ষে পরম যতনে।

ছিনিয়ে নিতে শত্রু এসে
হেনেছে কতো মারণবান
প্রাণ দিয়েছি সয়েছি কষ্ট
সইনি জাতির অপমান।

বক্ষে আশা ভালোবাসা
উচ্চে রাখি আপন শির
শুভ দিনের প্রতীক্ষাতে
দিন গুনছি আগামীর।

কাহাফেক ৩৪৩৭:

# ভুল থেকে শিক্ষা-০১

ভুল থেকে হয় শিক্ষা যদি
ফুল ফুটে সেই ভুল থেকে
ভুল থেকে যে শিক্ষাটা নেয়
যায় না সেজন ভুল রেখে।

ভুল তো হবেই যে করে কাজ
ভুল হবে না কাজ না হলে
ভুলের আছে শুদ্ধি জেনো
শুধরে জীবন সঠিক চলে।

কাহাফেক ৩৪৩৮:

# ভালবাসা ও অভিমান

মন টানে যার ভালোবাসায়
তার সাথে হয় অভিমান
অনুরাগের সঙ্গে থাকা
রাগেও যে হই পেরেশান।

রাগ অভিমান যায় ধুয়ে ওই
ভালোবাসার জল-সাগরে
চিত্ত সদা মত্ত থাকে
না পাওয়া সেই প্রেম বিহারে।

কাহাফেক ৩৪৩৯:

## জীবন গল্পময়

গল্পকারের সাধ্য কী আর
সবটা বলবে কাহিনীর
গল্প শুধু অল্প কথা
জীবন অসীম নেই যে তীর।

গল্প চয়ন জীবন থেকে
গল্প থেকে জীবন নয়
গল্পে গল্পে জীবন সাজে
সকল জীবন গল্পময়।

কাহাফেক ৩৪৪০:

## যৌতুক সংলাপ

যৌতুক সংলাপ

কয় শাশুরি হবু জামাই
চাও তুমি কী বিয়েতে
জামাই বলে আগ্রহ মোর
সব ধরণের টর'এ তে।

টর চেয়েছি ডর কেন মা
এইতো জেনারেটর
কম্পিউটর স্কুটর আর
রিফ্রিজারেটর।

হবু শাশুরি কয় কী করি
পাবো কেন ডর
চাইলে চারটা দেবো পাঁচটা
তোমার চাওয়া টর।

ডটর দেবো হান্টর ম্যান্টর
লাইফে ডিক্টেটর
ঠান্ডা করবে ডান্ডা মেরে
গা'য় ঢেলে ওয়াটর।

টরে টরে কাটাকাটি
জামাই পেলো ডর
যৌতুকের সাধ ফেলে রেখে
ছাড়লো ভয়ে ঘর।

কাহাফেক ৩৪৪১:

## সব ছেড়েছে তোমার জন্য

বাপ ছেড়েছে মা ছেড়েছে
ছেড়েছে ভাই ও বোন
ছেড়েছে তার নিজের বাড়ি
চেনা আপন ভুবন।

সব ছেড়েছে তোমার সাথে
বাঁধতে সুখের ঘর
সেই নারীকে দুঃখ দিয়ো না
করো না তারে পর।

কাহাফেক ৩৪৪২:

## ঢেঁকি নিয়ে স্মৃতি

ঢেঁকির কথা মনে হলে
দু চোখ ভরে জলে
হর্সির দাদীর মাথা ফাটে
পড়ে ঢেঁকির তলে।

আনুর মায়ের হাতের উপর
ঢেঁকির পড়ে পার
কবজি কেটে রক্ত গড়ায়
ঘর থেকে সেই বার।

কী বলবো আর দুঃখের কথা
পরান ফেটে যায়
তবু থাকতো ঢেঁকির গর্ব
বিজ্ঞান বইয়ের পাতায়।

কলে ছাঁটা চালে নাকি
বেরি বেরি রোগ হয়
তাইতো জৈব চালের জন্য
ঢেঁকি বহাল হয়।

ঢেঁকি ছিল মা-বোনদের
শ্রম শোষণের কল
গাঁও গেরামে ঘরে ঘরে
নারীর চোখের জল।

কাহাফেক ৩৪৪৩:

# ছায়া সংগী

গর্ব করে ছায়া বলে
"ওরে কায়া ভাই
তোমার সাথে কেবল আমি
থাকি সর্বদাই।

বন্ধু স্বজন আপন ভাবো
আপন কেহ নয়
সবাই তোমায় যাবে ছেড়ে
দেখবে এক সময়।

আমি কেবল তোমার কায়ার
ছায়া সঙ্গী হয়ে
জন্ম থেকে মরণ অব্দি
যাচ্ছি যাবো রয়ে।"

কায়া বলে "গর্ব ছাড়িস
ওরে মিথ্যে মায়া
না থাকলে মোর বন্ধু সূর্য
ক্যামনে হতিস ছায়া?"

কাহাফেক ৩৪৪৪:

# দুঃসময়ে করলে হেলা

দুঃসময়ে হওনি সহায়
পাইনি পাশে বিপদ কালে
এখন এসে হাস্যমুখে
ভিড়ছো কাছে বিপদ গেলে।

জানে না হায় জানতে কিনা
কষ্ট চিরদিন থাকে না
কষ্টকালে করলে হেলা
যায় না মুছে সেই বেদনা।

কাহাফেক ৩৪৪৫:

# ভুল থেকে শিক্ষা-০২

ভুলে যাবো ভুল করেছি
ভুলবো না তা করতে ঠিক
ভুল আমাকে শিখে যাবে
দেখিয়ে যাবে নতুন দিক।

ভুল যদি হয় ক্রমাগত
বুঝবো আমি নিজেই ভুলো
ভুল থেকে হায় নিইনি বুঝে
মাণিক রতন শিক্ষাগুলো।

কাহাফেক ৩৪৪৬:

# গগন বাড়ি

মানুষ এখন পক্ষি ছানা
গগন ঘরে বসতখানা।
কম্পভূমি কিংবা চ্যুতি
নির্ভয়ে তার এই বসতি।
বিজলি গেলে মাথায় ঠাটা
ভাংবে সিঁড়ি হায় কত টা?

কাহাফেক ৩৪৪৭:

# মনুষ্যত্ব থাকে যেনো

মানুষ একটি প্রাণী বটে
জন্মে ও তার মরণ হয়
মানবতায় মানব মানুষ
অন্য প্রাণীর মতো নয়।

মানবতা মনুষ্যত্ব
নাই বা যদি রইলো কারো
আর সে কি হায় মানুষ থাকে
পশুর চেয়ে অধম আরো।

প্রাণী বলেই মরেন মানুষ
মনুষ্যত্ব মরবে কেন
হে দয়াময় তাওফিক দাও
মনুষ্যত্ব থাকে যেনো।

কাহাফেক ৩৪৪৮:

# তরল হীরে

শিশির সাজে রত্ন প্রভায়
সূর্যরশ্মি সূক্ষ্মজালে
ঝিলিক মেরে দিচ্ছে বলে
রাজটীকা দেখ আমার ভালে।

তরল হীরে জ্বল জ্বলে ঐ
মাকড়শা জাল ধন্য আজি
পাগল কবি রূপের জালে
দেখে নকল রত্নরাজি।

কাহাফেক ৩৪৪৯:

# শ্যামল ছায়া

শ্যামল ছায়ার মেঘের কালো
আড়ালে তার সূর্য হাসে
একটু আলোর রশ্মি ঝিলিক
অরূপ শোভার স্বপ্ন ভাসে।

শ্রাবণ মেঘের সারা বেলা
ছোট নদীর পাশটি ঘেঁসে
সিক্ত করে মোহন মায়ায়
পল্লীকুটির প্রাণ আবেশে।

কাহাফেক ৩৪৫০:

# একে তাকে বানিয়ে প্রভু

পাক কলেমার দাওয়াত ভুলে
একে তাকে বানিয়ে প্রভু
নীতির কথা বললে মুখে
হয় কি আসল সাধু কভু।

জগৎ ভরা খল তপস্বী
বক ধার্মিক ভেজা বেড়াল
নীতির কথা মুখে বলে
অসৎ ইচ্ছে করে আড়াল।

কাহাফেক ৩৪৫১:

# কবি মেলা

নবীন কবির মনের কোনে
নীল আকাশের তারা
প্রবীণ কবির কাব্য প্রভায়
ভুবন আত্মহারা।

নবীন প্রবীণ কবির মেলায়
ফেবুর পাতা উদ্বেলিত
এই বাঁধনে প্রাণের বীনায়
স্বর্গীয় সুর উৎসরিত।

কাহাফেক ৩৪৫২:

## সাতরঙা রঙধনু

ফ্লোরিডার আকাশের
বুক ছুঁয়ে আজ
সাতরঙা রঙধনু
অপরূপ সাজ।

বাদলের ধারা নামে
গগন বিদারি
রিমঝিম মাধুরিমা
পুলকে শিহরি!

পৃথিবীর বিপরীতে
সুদূর ইউ.এস.এ
তবু মনে হয় ধারা
ঝরিছে স্বদেশে।

কাহাফেক ৩৪৫৩:

# ভুল থেকে শিক্ষা-০৩

ভুল করে যে খায় ধরা
সবাই বলে সে মরা
ভুল না করে কাজ সমাধা
লোকে তারে দেয় মর্যাদা।

ভুলে ভুলে জীবন যায়
সাফল্যে সে ভাগ না পায়।
ভুলের পরেই শুদ্ধ করে
সাফল্য পায় যুদ্ধ করে।

আগে সঠিক পড়ে ভুল
রাগে দুঃখে ছিঁড়ে চুল।
আগে ভুল পড়ে শুদ্ধ
ধন্য ধন্য গুস্টি শুদ্ধ।

কাহাফেক ৩৪৫৪:

# সাধু বলয়

ফেসবুকে এক সাধুবলয়
ভার্চুয়ালে ফুলবাগান
কেউ কাউকে দেখিনি আগে
ঐকতানে গাইছি গান।

একটি ভালো ফুল বিকাশে
সাধু সকল সচেষ্ট রয়
চেষ্টাগুলোর আলোর দ্যুতি
ছড়িয়ে যাচ্ছে সকল হৃদয়।

রোকজু রণি নবিনুরে
গাইছে সবাই একই সুরে
কবি হাসান শুনছে সে গান
বিমূর্ত সেই ভুবন জুড়ে।

কাহাফেক ৩৪৫৫:

# ছবির মানুষ

দেখিনি তরুণ সুবীরের মুখ
তবু ছিনু তাতে মুগ্ধ
আজ হেরি তার তারুণ্য ছবি
বিমুগ্ধ চেতনা শুদ্ধ।

বেড়েছে বয়স তিন যুগে তবে
হয়েছে অধিক দীপ্ত
জেগেছে সুবীর শতগুণ জ্যোতি
যা ছিল তখনো গুপ্ত।

কাহাফেক ৩৪৫৬:

# পরকাল

পরলোকের স্বরূপ কেমন
নানা মতে নানা প্রভেদ
ইহলোকের দিন ফুরালো
তা নিয়ে আর নাই যে বিভেদ।

নাই বা যদি থাকবে আখের
যাই কেন আর যাই কোথায়
মায়ের গর্ভে ভ্রুণ থেকে ধাই
চিতা গোরের দোরগোড়ায়।

অবিশ্বাসে যায় কী আসে
সত্যগমণ পথের কাছে
মানো কি বা নাই মানো মন
সবাইতো সেই পথেই আছে।

কাহাফেক ৩৪৫৭:

# ভুল থেকে শিক্ষা-০৪

ভুলের পাহাড় মাথার উপর
ভুল সাগরে ডুবেছি
কতো ভুলে জ্বলছি তা কি
কেউ কখনো ভেবেছি।

ভুলে ভুলে বিপথগামী
হাতড়ে বেড়াই ভুল বাসর
ভুলের কড়ি ভুলের বর্গা
ভুল চৌয়ারি বাঁধি ঘর।

ভুলের নৌকো চালিয়ে যেতে
বৈঠা বেয়ে জন্ম ভর
তাকিয়ে দেখি দড়ি বাঁধা
তরী যে মোর ভুল নগর।

কাহাফেক ৩৪৫৮:

# ভুল থেকে শিক্ষা-০৫

ভুল লিখতে লিখলে ভূল
হবু রাজা চড়ান শূল
ভুলের মাশুল শূলে আদায়
বড়দা পড়েন জলে কাদায়।

ভুলে তবু যায় ভুলোমন
বেভুল হঠাৎ মন উচাটন
শোধরাতে ভুল তাড়াহুড়া
ভুলের গিটে ত্রিগুন জোড়া।

ভুল হয়ে যায় আছে ক্ষমা
অপরাধের শাস্তি জমা
ভুলের দন্ড শুদ্ধিতে ক্ষয়
সচেষ্ট হই ভুলটা না হয়।।

কাহাফেক ৩৪৫৯:

# শষ্য দিয়ে আঁকা

শষ্য দানায় মুরগী এঁকে
শষ্য খেতে দিলে একে
কেমন বলো হয়?

শষ্যদানার মুর্গী বলে
বেশ হবে যে এমন হলে
জগৎ শষ্যময়।

শষ্য সে তো প্রভুর দান
শষ্যে অন্ন বাঁচে প্রাণ
ভবের জীবিকায়

মহান প্রভুর শোকর করি
শষ্যদানা আবাদ করি
সজীব মৃত্তিকায়।

কাহাফেক ৩৪৬০:

# স্বর্গের মূল্য

স্বর্গে মিলে সকল কাম্য
অপরাধ ও পাপ ছাড়াই
ইহকালে পাইনি যে সুখ
স্বর্গে সেটিই পেতে চাই।

ইহকালের ভোগ্য যেমন
শ্রমে মেধায় টাকায় কিনি
স্বর্গ পেতে মূদ্রা লাগে
সে পুণ্যময় জীবনখানি।

অন্নদাতা জগৎপতি
অন্নে যে নাই ঘাটতি তাঁহার
পুণ্য দিয়ে কিনো বিবেক
অন্যথা আর নেই যে উহার।

কাহাফেক ৩৪৬১:

# স্রষ্টা কল্পনা

মানব মনে প্রশ্ন আদি
স্রষ্টা মহান কে বা কেমন
কী করে তাঁর সৃষ্টি বিশাল
মহাবিশ্ব সুষ্ঠ এমন ?

এই সোয়ালে কালক্রমে
হয় নানা মত ধরাধামে
লক্ষ হাজার মতের প্রভেদ
ধর্ম হলো নানান নামে।

যুক্তি কারো মুক্তি আনে
কারো শুধু কল্পনা রূপ
নানা মতে নানা পথে
খুঁজে সবাই স্রষ্টা স্বরূপ।

কাহাফেক ৩৪৬২:

## ঘুষের কড়ি ছড়াছড়ি

টরা টরি' র লড়া লড়ি
করবে কে তা কড়া কড়ি
লুট চুরি ও ঘুষের কড়ি
হয় যেখানে ছড়াছড়ি।

কাহাফেক ৩৪৬৩:

## শ্যামল মন

শ্যামল ছায়া কোমল মনে
স্নিগ্ধ পরশ মানবতায়
খেয়ালি কিশোর হয়েই যেনো
সময়টা যায় এ অবেলায়।

বাংলা কমল ফুটে থাকুক
আপন চিত্ত সরোবরে
বাংলা মায়ের সেবায় যেনো
মগ্ন থাকি জনম ভরে।

কাহাফেক ৩৪৬৪:

## বেদুইন

মরুর বুকে রুক্ষ জীবন
জীর্ণ দীন বেদুইনের
স্বল্পে তুষ্ট সরল সুখে
কমতি যে নেই তবু ওদের।

প্রবঞ্চিত ভাগ্য তাদের
শেখ ধনীরা নিচ্ছে লুটে
কষ্ট কঠোর জীবন তবু
মিস্টি মধুর হাসি ঠোঁটে।

কাহাফেক ৩৪৬৫:

## মুখের কথা

মুখের কথায় বলে দিলাম
আমি তোমায় ভালোবাসি
মনের ভেতর অন্য কথা
কেবল নিজের সুখ তালাশি।

কাহাফেক ৩৪৬৬:

## শোকরিয়া ও সবর করি

রিজিক আছে সুস্থ আছি
আরো পাবার আশায় কষ্ট
শোকরিয়া ও সবর করি
না নিরাশায় জীবন নষ্ট।

কাহাফেক ৩৪৬৭:

## বৃক্ষেরা আলো চায়

বৃক্ষেরা আলো চায়
পাতা দিয়ে ছুঁতে
কিশলয় বেড়ে উঠে
রবির আলোতে।

বেলাশেষে উভয়েই
আরো উন্মুখ
আরো বেশী পেতে চায়
পরশের সুখ।

কাহাফেক ৩৪৬৮:

## লোভ

এক জরুতে মন ভরে নি
সত্তুরে সাধ স্বর্গে পুরণ
তপে জপে মোল্লা পুরুত
ব্যাকুল হবার এই কি কারণ?

কাহাফেক ৩৪৬৯:

## কবির পুলক

ভাবনাগুলো ছন্দে গেঁথে
ছড়িয়ে কবি ব্যাকুল থাকে
মন্দ ভালো বলবে কে কী
ফিরতি ডাকে নয়ন রাখে।

কবির লেখা সুজন সুহৃদ
পায় যখনি তৃপ্তি মনে
আপন শ্রমের সার্থকতায়
কবির পুলক পদ রচনে।

কাহাফেক ৩৪৭০:

# সভ্যতা

বাঁশ বাগানের বাঁশের ঘরে
চিমনি থেকে ধোঁয়া উড়ে
যাচ্ছে বুঝা ঐ ঘরে কেউ
মানব প্রাণী বসত করে।

ঘরে পাশে ঘেরা বেড়া
চিলতে জমি ধানের চারা
আধেক ছোট্ট সৃষ্ট পুকুর
লাল শাপলা চিত্তহরা।

এই অপরূপ চিত্রখানি
দেয় মুছিয়ে সকল গ্লানি
একেই বলে সভ্যতা যা
কেবল রচে মানব প্রাণী।

কাহাফেক ৩৪৭১:

# মহান স্রষ্টা

মহান স্রষ্টা কতো বড়ো
একটু মোমেন চিন্তা করো।

আমি তুমি আমরা সবাই
আর আমাদের পাশে যা পাই,
এই যে আকাশ অসীম খোলা
এই দুনিয়ায় প্রাণীর মেলা;
সকল কিছু প্রভুর সৃজন
সব দিয়েছেন সাজিয়ে কেমন।

আবার সকল বিলয় করে
তিনিই পারেন দিতে গড়ে।

কাহাফেক ৩৪৭২:

## স্বপ্ন বাস্তবায়ন

বিছানায় শুয়ে ঘুম দেখো সুখ স্বপ্ন
তাই বলে ঠিক নয় সদা ঘুমে মগ্ন।
জেগে উঠো মাঠে যাও কাজ করো তবে
স্বপ্নেরা বাস্তবে ধরা ঠিক দেবে।

কাহাফেক ৩৪৭৩:

## দেখবে তুমি সব পেয়েছো

প্রেম বিরহী যখন ছ্যাঁকায়
রাত আসে তো ঘুম চলে যায়
অন্ধ মনে অবুঝ ভাবে
প্রেমি বুঝি ঘুম নিয়ে যায় ?

হায়রে অবুঝ ভাবো মনে
প্রেম করো নিজ প্রভুর সনে
দেখবে তুমি পেয়েছো সব
স্বপ্ন ও ঘুম দুই নয়নে।

কাহাফেক ৩৪৭৪:

## ভাগ্যকে দোষারোপ

ভাগ্য আমার মন্দ ছিল
তাই পারি নি করতে জয়
এই কথাতে থাকলে বসে
হরবেলাতেই পরাজয়।

জয়ের জন্য যুদ্ধ লাগে
কৌশলীরাই যুদ্ধে জিতে
অন্যরা স্রেফ জীবন কাটায়
ভাগ্যকে দোষ দিতে দিতে।

কাহাফেক ৩৪৭৫:

## জাত সাপুড়ে

কাল নাগিনির ছোবল খেয়ে
বিষ হজমের বিদ্যে শিখে
জাত সাপুড়ের রয় না ভীতি
বীণ বাজিয়ে খেলায় ওকে।

কাহাফেক ৩৪৭৬:

## আপোষ

আপোষহীনা আপোষহীনা
ধন্যা ধন্যা করি রব
ভেঙে গেলে সাধের জুটি
বলি মেয়ের দোষটা সব।

স্বামীর ঘরে যে টিকে নি
সেই মেয়েটার দোষ হাজার
আপোষ কেন নেয় নি করে
সয়ে শত অত্যাচার।

কাহাফেক ৩৪৭৭:

## রূপ ও রূপো

রূপ থাকে আর রূপো থাকে
সে যে সবার চিত্তে থাকে।
তাই মনোহর সাজো সুজন
সুকর্মে করো বিত্ত অর্জন।

কাহাফেক ৩৪৭৮:

## চিত্রকল্প

কবির কোন দোষ খুঁজি না
কবির যে মাফ সপ্ত খুন
চিত্রকল্পে কী খুঁজে পাই
সে পাঠকের দোষ কী গুণ।

কাহাফেক ৩৪৭৯:

## জিন্দা মড়া

দেহের ভেতর প্রাণ থাকে তো
জীবন সাজে রূপে গুণে
জীবন যদি স্বপ্ন হারায়
জিন্দা মড়া হয় ভুবনে।

কাহাফেক ৩৪৮০:

## স্বজন

ফিরে গেলে কেউ আসে না
কারোর কেহ নাই
তাই যতো দিন বাঁচবো ভবে
স্বজন গড়ে যাই।

কাহাফেক ৩৪৮১:

## নয়নাভিরাম

পাহাড়ের পাদদেশে
সমতল গ্রাম
শষ্য শ্যামলে শোভা
নয়নাভিরাম।

কাহাফেক ৩৪৮২:

## লুটেরা

যতো দিন লুটে খায়
ততো দিন মাগে
পুরাকালে জ্ঞানীগণ
বলেছেন আগে।

কাহাফেক ৩৪৮৩:

## অকৃতজ্ঞ

উপকৃত হয়েও যে জন
দিনান্তে তা ভুলে যায়
তার পদবী অকৃতজ্ঞ
অভিধানে দেখা যায়।

কাহাফেক ৩৪৮৪:

## সুজন মন

সুজন তোমার গানের ভাষা
যে সুর তোলে ভুবনে
সে সুর মোহন রূপ হয়ে যায়
দীপ্তি ঝলক আননে।

আপন মনে সুখ ঢেলে যাও
চিত্ত প্রভায় নিরালায়
তোমার আবেগ ভাগ করে দাও
ছড়িয়ে ফেবুর জানালায়।

কাহাফেক ৩৪৮৫:

# কাঁশবন

কাঁশবনে ফুল ফুটবে জানি
শরৎ এলে অবশ্যই
সে বন এখন বগলদাবা
হায় তারে যে কোথায় থুই?

কাঁশবনে ফুল ফুটবে জানি
থাকলে কাঁশের গোড়ায় মাটি
আসছে বছর উঠবে দালান
কাঁশের গোছা ফেলবে কাটি।

নদীর পাড়ে কাঁশ নাই আর
চর দখলের মহোৎসবে
কাঁশ কী কভু ফুটবে গো আর
যখন চাতাল দালান হবে?

কাহাফেক ৩৪৮৬:

# পাশের মানুষ

পাশের মানুষ কাঠের পুতুল
সাত চড়ে না করে রা
চলে জীবন জোড়াতালি
তার সাথে মন মিলে না।

পাশের মানুষ নিঠুর লোভী
নরপশুর নামান্তর
তার সাথে কী ঘরকন্না
কান্না কেবল জনমভর।

পাশের মানুষ কাছের মানুষ
মনের মানুষ যদি হয়
জীবন ভরে ষোলো কলায়
সাফল্যে তা পূরণ হয়।

কাহাফেক ৩৪৮৭:

## মাছের পচন

শরীর পঁচে সারতে পারে
মলম দিলে ক্ষতে
মাছের পচন মাথায় হলে
সারে না কোনমতে।

অনিয়মে অবিচারে
পঁচলে বিচারপতি
কেমন করে সে পোষাবে
সর্বব্যাপি ক্ষতি ?

কাহাফেক ৩৪৮৮:

## মোমিন

মোমিন বলে দাবি করি
মোমিন কি না ভাবো মন
মোমিন হলে মোমিন সুলভ
চাই যে কর্ম আচরণ।

কাহাফেক ৩৪৮৯:

## একিন

আমি করি আমরা কবি
তা বলোনা মোমিন ভাই
স্রষ্টা করেন সকল কিছু
কথায় কাজে একিন চাই।

কাহাফেক ৩৪৯০:

## হৃদয়ের বন্ধন

দুটি হৃদয় দুটি নদী
এক মোহনায় মিলে যবে
হারিয়ে যাওয়ার আগেই দুটি
শক্ত করে বাঁধতে হবে ।

কাহাফেক ৩৪৯১:

## মনের দাবি

সুখের লাগি ঘর বাঁধিলাম
সুখের সংজ্ঞা না জেনে
বস্তু বিত্তে ঘর সাজালাম
মনের দাবি না মেনে ।

কাহাফেক ৩৪৯২:

## তিন প্রশ্ন

সত্য কিনা ? ভালো কিনা ?
লাগবে কিনা কাজে ?
তিন জবাবে 'না' আসে তো
সেই কথাটা বাজে।

কাহাফেক ৩৪৯৩:

## জন্ম মৃত্যু

জন্ম হলে মরণ সত্য
এ সত্য যে ভুলে যায়
জীবন থেকেই সেই বেচারা
অনেক দূরে সরে যায়।

কাহাফেক ৩৪৯৪:

## ভিখারি

মানুষের দ্বারে হাত পেতে থেকে
ভিখারি সেজেছো নি:স্ব
খোদার দুয়ারে হাত পেতে থাকো
পেয়ে যাবে মহাবিশ্ব ।

কাহাফেক ৩৪৯৫:

## বিত্ত ও চিত্ত

বিত্তবানের নৃত্য দেখে
ভয় করোনা চিত্তবান
বিত্তের চেয়ে বিদ্যা বড়ো
চিত্তে রেখো অধিষ্ঠান।

কাহাফেক ৩৪৯৬:

## কাছের মানুষ

মনের গতি কোন দিকে ধায়
মন মানসি বুঝে না
মন দেবার এক মানুষ কাছেই
তাও তারে সে খুঁজে না।

কাহাফেক ৩৪৯৭:

## সুখের অসুখ

এক নাগাড়ে সুখ রয়েছে
ভুতে কিলায় সুখের পিঠে
সুখের অসুখ একেই বলে
পালায় এটি মারের চোটে।

কাহাফেক ৩৪৯৮:

## নির্ভরতা

ঠেঁস দেবার এক লাঠি আছে
তাই হাঁটো না লাঠি ছাড়া
হাঁটতে চেয়েও পারবে নাতো
যেদিন হবে লাঠি হারা।

কাহাফেক ৩৪৯৯:

## বিনয়াধিক্য

নম্র ভালো ভদ্র ভালো
বিনয় ভালো অবশ্যই
তাই বলে নয় বিনয় এতো
নিজে যেনো কিছুই নই।

কচলে দুহাত প্রাণাম করি
দেই অতিথির সুসন্মান
তাই বলে কী বিনয় এতো
নিজকে করবো অপমান?

কাহাফেক ৩৫০০:

# সুখে দুঃখে জীবন

এক পাশে এর সুখের আলো
অন্য পাশে দুঃখের ছায়া
জীবন যেনো একটি মুদ্রা
দুপিঠে সুখ দুঃখের মায়া।

সুখ নেবো আর দুঃখ নেবোনা
তা হবে না মুদ্রা যে এক
জীবন নিলে দুটোই পাবে
নিবে কিনা তা ভেবে দেখ।

সুখ থাকবে দুঃখ থাকবে
থাকবে দুঃখ জয়ের খুশী
দুঃখের পরে যে সুখ আসে
তার ভালো যে আরো বেশী।



কামরুল হাসান ফেরদৌস
e-Mail: kamrulhasan58@yahoo.com
Face Book: Kamrul Hasan Ferdous